



জামায়াতী শিক্ষক হাসানুজ্জামানের বহিষ্কার দাবিতে ক্যাম্পাসে মানববন্ধনে প্র্যাকার্ড হাতে এক শিক্ষার্থী

**শিবির ক্যাডারদের ধাওয়া  
ঢাবির ফতোয়া শেখানো  
শিক্ষকের অপসারণ  
দাবিতে শিক্ষার্থীদের  
মানববন্ধন**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ফতোয়া শিক্ষাদানকারী সেই শিক্ষক হাসানুজ্জামানের অপসারণের দাবিতে (২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

**ঢাবির ফতোয়া** (প্রথম পাতার পর)

শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত রয়েছে। এ দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা রবিবার মানববন্ধন করেছে। পাশাপাশি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও মৌন মিছিল ও প্রতিবাদসভা করেছেন।

এদিকে আন্দোলনকারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অভিযোগ করেছে, তাদের আন্দোলন নস্যাৎ করতে জামায়াতী শিক্ষক হাসানুজ্জামান তাঁর অনুসারী শিবির ক্যাডারদের লেলিয়ে দিয়েছেন।

রবিবার সকাল সাড়ে ১১টায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক হাসানুজ্জামানের অপসারণের দাবিতে অপরাহ্নেয় বাংলার পাদদেশে মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। শিক্ষার্থীরা জ্ঞানায়, মানববন্ধন চলাকালে এসএম হলের শিবির ক্যাডার পারভেজের নেতৃত্বে একদল শিবির ক্যাডার কর্মসূচী পূর্ণ

করতে আসে। তাঁরা হাসানুজ্জামানের সাফাই গেয়ে কর্মসূচী বন্ধ করতে বললে সাধারণ শিক্ষার্থীরা শিবিরের বিরুদ্ধে স্লোগান ডলে শিবির ক্যাডারদের ধাওয়া করে।

আন্দোলনকারীদের অভিযোগ জামায়াতী সাম্প্রদায়িক ব্যক্তিত্ব হাসানুজ্জামান তাঁর নিজেই গদি রক্ষা করতে তাঁর অনুসারী শিবির ক্যাডারদের আন্দোলনকারীদের বিরুদ্ধে লেলিয়ে দিয়েছে।

সাধারণ শিক্ষার্থীদের ধাওয়া থেকে শিবির ক্যাডাররা এর ঘটনাবলেক পরে দৈনিক জনকণ্ঠসহ বিভিন্ন পত্রিকায় হাসানুজ্জামানের কর্মকাণ্ড নিয়ে প্রকাশিত প্রতিবেদন মিথ্যা আখ্যা দিয়ে মিছিল করে। মিছিলে তারা দৈনিক জনকণ্ঠ ও দৈনিক প্রথম আলোর বিরুদ্ধে স্লোগান দেয়।

এদিকে হিন্দু ও খ্রীষ্টান ধর্ম সম্পর্কে হাসানুজ্জামানের কটুক্তি ও অমুসলিমদের ফতোয়া শেখাতে বাধা করার প্রতিবাসে তাঁর অপসারণ দাবি করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মৌন মিছিল ও প্রতিবাদসভা অনুষ্ঠিত হয়েছে। আমাদের জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, রবিবার সকালে মুকুম্বরের ছাত্রছাত্রীর ব্যানারে শিক্ষার্থীরা ড. হাসানুজ্জামানের কটুক্তির প্রতিবাদে মৌনমিছিল ও সভা করে। ক্রাশে হিন্দু ও খ্রীষ্টান ধর্ম সম্পর্কে কটুক্তি করায় তারা অধ্যাপক হাসানুজ্জামানের অপসারণ দাবি করে।